

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখঃ ৫ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ/ ২০ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০০-আইন/২০১৪/ফিল্ড ফা (রাজ-৪)।—যেহেতু, সরকার Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No.V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 9 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার উদ্দেশ্যে গত ১৯ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ৩ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৩৭-আইন/২০১৩/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা নিম্ন তফসিলে বিধৃত কক্সবাজার জেলার 'মোনাখালী এডি ফায়ারিং রেঞ্জ' এলাকা, অতঃপর উক্ত এলাকা বলিয়া উল্লিখিত, বা উহার অংশ বিশেষকে নির্ধারণ করিয়াছে;

এবং যেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে গত ১২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ মে, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৯২-আইন/২০১৪/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা উক্ত এলাকায় ০৫ জুলাই, ২০১৪ হইতে ০৪ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ পর্যন্ত এডি ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারী করিবার উদ্দেশ্যে, একটি অভিপ্রায় নোটিশ জারী করিয়াছিল;

এবং যেহেতু, এডি ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার জন্য ১২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ মে, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৯২-আইন/২০১৪/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা নির্ধারিত তারিখ ০৫ জুলাই, ২০১৪ ইতিমধ্যে অতিক্রান্ত হইয়া গিয়াছে;

(১৬৪০৭)

মূল্য : টাকা ৮.০০

সেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে আগামী ২২ জুলাই, ২০১৪ হইতে ০৪ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত উক্ত এলাকায় এডি ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস পরিচালনা অনুমোদন করিল, যথাঃ—

তফসিল

১। গোলাবর্ষণ এলাকার সীমানা ।

ক্র/নং	স্থান	দ্রাঘিমাংশ (পূর্ব)	অক্ষাংশ (উত্তর)
ক।	বিন্দু-১	৯২ ডিগ্রী ০৭ মিনিট ২৪ সেকেন্ড	২১ ডিগ্রী ০৫ মিনিট ৫৫ সেকেন্ড
খ।	বিন্দু-২	৯২ ডিগ্রী ০৭ মিনিট ৫৫ সেকেন্ড	২১ ডিগ্রী ০৪ মিনিট ৫৫ সেকেন্ড
গ।	বিন্দু-৩	৯১ ডিগ্রী ৫৭ মিনিট ৫৫ সেকেন্ড	২১ ডিগ্রী ২২ মিনিট ৪৫ সেকেন্ড
ঘ।	বিন্দু-৪	৯১ ডিগ্রী ৫৮ মিনিট ৪৫ সেকেন্ড	২১ ডিগ্রী ০৮ মিনিট ১৫ সেকেন্ড

২। এলাকাটিতে মৌজা অন্তর্ভুক্তি ।

ক্র/নং	মৌজা	জেএল নম্বর	সীট নং
ক।	ইনানী	২	১০

৩। কামান ফায়ারের জন্য নির্বাচিত স্থান এবং সীমানা । সমুদ্র

ক। সমুদ্র উপকূলে বিন্দু-১ হতে বিন্দু-২ এর মধ্যবর্তী যে কোন জায়গা কামান ফায়ারের জন্য নির্বাচিত হতে পারে যদি তা ফায়ারিং চলাকালীন সর্বোচ্চ জোয়ারের পানি সমতল হতে পূর্ব দিকে ১৫০০ গজের মধ্যে হয়। কামান মোতায়েন এলাকা সীমানা- সমুদ্র উপকূলের যে কোন জায়গা কামান রাখার জন্য নির্বাচিত হইতে পারে যদিঃ

খ। উত্তর সীমানা : ইনানী ।

(১) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রী ০৭ মিনিট ২৪ সেকেন্ড ।

(২) অক্ষাংশ : ২১ ডিগ্রী ০৫ মিনিট ৫৫ সেকেন্ড ।

(৩) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৭০৫ ।

(৪) গ্রিড সূত্র : বর্গক্ষেত্র ৪১০৮, মানচিত্র সীট নং ৮৪সি /৪ স্কেল ১:৫০,০০০ ।

(৫) থানা : উখিয়া ।

(৬) জেলা : কক্সবাজার ।

গ। দক্ষিণ সীমানা : মোনাখালী ।

- (১) দ্রাঘিমাংশ : ৯২ ডিগ্রী ০৮ মিনিট ১০ সেকেন্ড ।
- (২) অক্ষাংশ : ২১ ডিগ্রী ০৫ মিনিট ০৫ সেকেন্ড ।
- (৩) ভূ-সূত্র : ইউ এইচ (সি জি) ০৮০৫ ।
- (৪) গ্রিড সূত্র : বর্গক্ষেত্র ৪২০৭, মানচিত্র সীট নং ৮৪সি/৪ স্কেল ১: ৫০,০০০ ।
- (৫) থানা : উখিয়া
- (৬) জেলা : কক্সবাজার ।

ঘ। ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা (অর্থাৎ টার্গেট এলাকা) ।

- (১) উত্তর সীমানা : মোনাখালী হইতে ৩১০ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত) ।
- (২) দক্ষিণ সীমানা : মোনাখালী হইতে ১৫৫ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত) ।
- (৩) ফায়ারিং/কামান এলাকার কেন্দ্র হইতে ফায়ারিং এলাকা ব্যাপ্তি : ২২,০০০ গজ অথবা ১২.৫ মাইল সমুদ্রের আকাশ বরাবর, উত্তর এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে ।
- (৪) বিপদ এলাকার উচ্চতা : ২৫,০০০ ফুট ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ কামরুল হাসান খান
উপসচিব ।